# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৮৬৭

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ভীতিকালীন সময়ে চতুর্থ প্রকারের সালাত

## ذِكْرُ النَّوْعِ الرَّابِعِ مِنْ صَلَاةِ الْخَوْفِ

আরবী

2867 ـ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ إِسْحَاقَ بْنِ خُزَيْمَةَ مِنْ أَصْلِ كِتَابِهِ قَالَ: حَدَّثَنَا أَحْمَدُ بْنُ الْأَزْهَرِ وَكَتَبْتُهُ مِنْ أَصْلِهِ قَالَ: حَدَّثَنَا يَعْقُوبُ بْنُ إِبْرَاهِيمَ بْنِ سَعْدٍ قَالَ حَدَّثَنَا أَبِي عَنِ ابْنِ إِسْحَاقَ قَالَ: أَخْبَرَنِي مُحَمَّدُ بْنُ عَبْدِ الرَّحْمَنِ بْنِ نَوْفَلٍ ـ وَكَانَ يَتِيمًا فِي حِجْرِ عُرْوَةَ بْنِ الزُّبَيْرِ ـ عَنْ عُرْوَةَ بْنِ الزُّبَيْرِ قَالَ: سَمِعْتُ أَبَا هُرَيْرَةَ وَمَرْوَانُ بْنُ الْحَكَمِ يَسْأَلُهُ عَنْ صَلَاةِ الْخَوْفِ فَقَالَ أَبُو هُرَيْرَةَ: كُنْتُ مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي تِلْكَ الْغَزَاةِ قَالَ: فَصَدَعَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ النَّاسَ صَدْعَيْنِ قَامَتْ مَعَهُ طَائِفَةٌ وَطَائِفَةٌ أُخْرَى مِمَّا يَلِي الْعَدُوَّ وَظُهُورُهُمْ إِلَى الْقِبْلَةِ فَكَبَّرَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَكَبَّرُوا جَمِيعًا الَّذِينَ مَعَهُ وَالَّذِينَ يُقَاتِلُونَ الْعَدُوَّ ثُمَّ رَكَعَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ رَكْعَةً وَاحِدَةً فَرَكَعَ مَعَهُ الطَّائِفَةُ الَّتِي تَلِيهِ ثُمَّ سَجَدَ وَسَجَدَتِ الطَّائِفَةُ الَّتِي تَلِيهِ وَالْآخَرُونَ قِيَامٌ مُقَابِلِي الْعَدُوِّ ثُمَّ قَامَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَأَخَذَتِ الطَّائِفَةُ الَّتِي صَلَّتْ مَعَهُ أَسْلِحَتَهُمْ ثُمَّ مَشَوَا الْقَهْقَرَى عَلَى أَدْبَارِهِمْ حَتَّى قَامُوا مِمَّا يَلِي الْعَدُوَّ وَأَقْبَلَتِ الطَّائِفَةُ الَّتِي كَانَتْ مُقَابَلَةَ الْعَدُوِّ فَرَكَعُوا وَسَجَدُوا ـ وَرَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَائِمٌ كَمَا هُوَ ـ ثُمَّ قَامُوا فَرَكَعَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ رَكْعَةً أُخْرَى فَرَكَعُوا مَعَهُ وَسَجَدَ وَسَجَدُوا مَعَهُ ثُمَّ أَقْبَلَتِ الطَّائِفَةُ الَّتِي كَانَتْ تُقَابِلُ العدو فركعوا وسجدوا ـ وَرَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَاعِدٌ وَمَنْ مَعَهُ ـ ثُمَّ كَانَ السَّلَامُ فسلَّم رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وسلَّموا جَمِيعًا فَقَامَ الْقَوْمُ وَقَدْ شَرِكُوهُ في الصلاة.

الراوي : جَابِر بْن عَبْدِ اللَّهِ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر :

التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 2867 | خلاصة حكم المحدث: حسن صحيح - ((صحيح أبي داود)) (1129).

বাংলা

২৮৬৭. উরওয়া বিন যুবাইর (রহ.) থেকে বর্ণিত, তিনি বলেন, “আমি আবূ হুরাইরা ও মারওয়ান বিন হাকাম রাদ্বিয়াল্লাহু আনহুমাকে ভীতিকালীন সালাত সম্পর্কে জিজ্ঞেস করলে, আবূ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু বলেন, “আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের সাথে সেই যুদ্ধে ছিলাম। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম লোকদের দুই দলে ভাগ করেন। একদল তাঁর সাথে দাঁড়ান আরেক দল শত্রুর কাছে থাকে। এসময় তাদের পৃষ্ঠদেশ কিবলার দিকে ছিল। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকবীর দিলে তারাও তাকবীর দেন; যারা তাঁর সাথে ছিলেন এবং যারা শত্রুর মুখোমুখী ছিলেন সবাই। তারপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এক রুকূ‘ করেন, কাছের কাতারের সাহাবীগণও তাঁর সাথে রুকূ‘ করেন। তারপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সাজদা করেন, কাছের কাতারের সাহাবীগণও তাঁর সাথে সাজদা করেন। অপর কাতারের সাহাবীগণ শত্রুর মুখোমুখী দাঁড়িয়ে থাকেন। তারপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম দাঁড়ান। যারা তাঁর সাথে সালাত আদায় করেছেন, তারা অস্ত্র গ্রহণ করেন। তারপর তারা পিছু হটেন। অতঃপর তারা শত্রুর কাছাকাছি দলের জায়গায় দাঁড়ান। আর যারা শত্রুর মুখোমুখী ছিলেন, তারা সামনে আগমন করেন। তারা এসে রুকূ‘ ও সাজদা করেন। আর রাসূল যেভাবে দাঁড়িয়ে ছিলেন, সেভাবে দাঁড়িয়েই থাকেন। তারপর তারা দাঁড়ান। এসময় রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আরেক রুকূ‘ করেন, তারাও তাঁর সাথে রুকূ‘ করেন। তিনি সাজদা করলে, তারাও তাঁর সাথে সাজদা করেন। তারপর শত্রুর মুখোমুখী দল সামনে আসেন এবং তারা রুকূ‘ ও সাজদা করেন। আর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ও তাঁর সাহাবীগণ বসেই থাকেন। তারপর সালাম ফেরানোর সময় হয়। তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সালাম ফেরান। তাঁর সাথে সবাই সালাম ফেরান। আর লোকজন উঠে যায়। সাহাবীদের প্রত্যেকেই তাঁর সাথে সালাতে শরীক হন।”[1]

ফুটনোট

[1] সহীহ ইবনু খুযাইমাহ: ১৩৬২; আবূ দাঊদ: ১২৪১; মুসনাদ আহমাদ: ২/৩২০; নাসাঈ: ৩/১৭৩; তাহাবী: ১/৩১৪; হাকিম: ১/৩৩৮-৩৩৯; সুনান বাইহাকী: ৩/২৬৪।

আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান-সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ১১২৯)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ উরওয়াহ বিন যুবাইর (রহ.)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92197

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন